**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 07-05-2025** **Desk in Charge : SDG**

**Time : 7-35 AM** **Compiling : DSS**

**DEO : KB** **NR : DSS**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১) পহেলগাঁও-এ সন্ত্রাসবাদী হামলার প্রত্যুত্তরে ভারতীয় সেনাবাহিনী গতকাল মধ্যরাতে পাকিস্তান ও পাক অধিকৃত কাশ্মীরের ৯'টি জায়গায় 'অপারেশন সিন্দুর' অভিযান চালায়।

২/ যুদ্ধকালীন পরিস্থিতিতে সাধারণ মানুষ ও গুরুত্বপূর্ণ জাতীয় সম্পদ রক্ষার ক্ষেত্রে অসামরিক প্রশাসনের প্রস্তুতি খতিয়ে দেখতে দেশ জুড়ে আজ 'মক ড্রিল'-এর আয়োজন করা হচ্ছে। # পশ্চিমবঙ্গেও সাত দিন ধরে ধাপে ধাপে এই মহড়া চলবে।

৩/ রাজ্যে 'ওয়াকফ আইন নিয়ে আর কোনো আন্দোলন নয়'-বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি স্পষ্ট জানিয়ে দিয়েছেন। # এদিকে বিজেপি, ওয়াকফ আইন নিয়ে তাঁদের বিরুদ্ধে দাঙ্গায় প্ররোচনা দেওয়ার অভিযোগ খারিজ করে দিয়েছে।

৪/ এবছরের উচ্চ মাধ্যমিক পরীক্ষা ফল আজ প্রকাশিত হবে।

৫/ SSC-র ২৬ হাজার চাকরি বাতিলের মামলায় কলকাতা হাইকোর্ট আদালত অবমাননার অভিযোগ শুনতে পারে কিনা, সেই ব্যাপারে আজ রায় দান।

৬/ IPL ক্রিকেটে আজ ইডেনে কলকাতা নাইট রাইডার্স, চেন্নাই সুপার কিংস-এর মুখোমুখি হবে।

*****************************************************************

পহেলগাঁও-এ সন্ত্রাসবাদী হামলার জবাবে ভারতের সেনাবাহিনী গতকাল মধ্যরাতে পাকিস্তান ও পাক অধিকৃত কাশ্মীরে ‘অপারেশন সিন্দুর’ অভিযান চালায়। মোট ৯’টি জায়গা লক্ষ্য করে এই অভিযান চালানো হয় বলে প্রতিরক্ষা মন্ত্রক সূত্রে জানা গেছে। মন্ত্রক আরো জানিয়েছে, কোনো পাকিস্তানি সামরিক ঘাঁটি বা কেন্দ্র, এই আঘাতের লক্ষ্যবস্তু ছিলনা। যেসমস্ত জায়গায় বসে ভারতে জঙ্গী হামলার ছক কষা ও নির্দেশ দেওয়া হয়েছিল, সেই সমস্ত স্থানেই মূলতঃ এই অভিযান চলে। সেনাবাহিনীর এই অভিযান কোনোভাবেই প্ররোচনামূলক ছিলনা, ভারতীয় সেনারা যথেষ্ট সংযমের পরিচয় দিয়েছে বলে প্রতিরক্ষা মন্ত্রক দাবি করেছে।

পহেলগাঁও-এ নৃশংস জঙ্গী হামলায় যেভাবে ২৫ জন ভারতীয় ও একজন নেপালি নাগরিক প্রাণ হারিয়েছেন, তার প্রেক্ষিতেই এই অভিযান বলে প্রতিরক্ষা মন্ত্রক স্পষ্ট জানিয়েছে। ওই হামলার সঙ্গে জড়িতদের যোগ্য প্রত্যুত্তর দিতে ভারতীয় সেনা বাহিনী কৃতসংকল্প বলেও মন্ত্রকের বিবৃতিতে উল্লেখ করা হয়েছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রাতভ’র ‘অপারেশন সিন্দুর’ অভিযানে নজরদারি চালান। এই নিয়ে বিস্তারিত বিবৃতি প্রকাশিত হবে আজ বেলার দিকে।

************************

কাশ্মীরের পহেলগাঁও-এ জঙ্গি হামলায় নিহতদের মধ্যে পশ্চিমবঙ্গের দুই বাসিন্দার পরিবারের হাতে রাজ্যের তরফে গতকাল আর্থিক সাহায্য তুলে দেওয়া হয়। পুরমন্ত্রী ফিরহাদ হাকিম বেহালায় সমীর গুহর বাড়িতে গিয়ে তাঁর পরিবারের হাতে এককালীন ১০ লক্ষ টাকা তুলে দেন। অন্যদিকে, ক্রীড়া ও যুব কল্যাণমন্ত্রী অরূপ বিশ্বাস বৈষ্ণবঘাটা লেনের বিতান অধিকারীর বাড়িতে গিয়ে তাঁর পরিবারের হাতে আর্থিক সহায়তা প্রদান করেন।

উল্লেখ্য, পহেলগাঁও জঙ্গি হামলায় পশ্চিমবঙ্গের তিন বাসিন্দা প্রাণ হারান। ওই হামলায় নিহত পুরুলিয়ার ঝালদার মনীশ রঞ্জনের শ্রাদ্ধানুষ্ঠান হয় গতকাল।

************************

যুদ্ধকালীন পরিস্থিতিতে সাধারণ মানুষ ও গুরুত্বপূর্ণ জাতীয় সম্পদ রক্ষার ক্ষেত্রে অসামরিক প্রশাসনের প্রস্তুতি খতিয়ে দেখতে দেশ জুড়ে আজ মক ড্রিলের আয়োজন করা হচ্ছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের নির্দেশে সারা দেশে ২৫৯ টি স্থানে মহড়ার আয়োজন করা হবে। এরাজ্যের কলকাতা সহ মোট ৩১ টি যায়গায় মহড়া দেওয়া হবে। সরকারি সূত্রে জানা গেছে, কেন্দ্রীয় সরকারের নির্দেশমতো এরাজ্যে আগামী ৭ দিন ধরে ধাপে ধাপে মক ড্রিলের আয়োজন করা হবে। অসামরিক প্রতিরক্ষা ও নিরাপত্তা বিভাগের কর্মীরা ছাড়াও সাধারণ নাগরিক ও স্কুল পড়ুয়াদেরও মহড়ায় সামিল করা হবে। এজন্য রাজ্য সরকার বিস্তারিত পরিকল্পনা তৈরি করছে।

স্বরাষ্ট্র মন্ত্রক যে যে বিষয়ে মহড়া দিতে বলেছে, তার মধ্যে অন্যতম— বিমান হামলার সতর্কতা সাইরেন ব্যবস্থাকে সক্রিয় করা, নাগরিকদের সুরক্ষার স্বার্থে সাধারণ মানুষ, বিশেষত পড়ুয়াদের ভূমিকা কী হবে, হঠাৎ ব্ল্যাকআউট হলে কী করণীয় এবং জরুরি পরিস্থিতিতে কী ভাবে দ্রুত উদ্ধারকাজ চালানো হবে ইত্যাদী।

মক ড্রিলের প্রস্তুতি নিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব গোবিন্দ মোহন গতকাল বিভিন্ন রাজ্যের প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেন। রাজ্যের মুখ্যসচিব মনোজ পন্থ, স্বরাষ্ট্র সচিব নন্দিনী চক্রবর্তী, বিপর্যয় মোকাবিলা দফতরের সচিব রাজেশ সিনহা, ডিজি সিভিল ডিফেন্স জগমোহন প্রমুখ বৈঠকে উপস্থিত ছিলেন।

একটি প্রতিবেদন – (ভয়েসকাস্ট - অভিরূপ)

************************

দেশের বিভিন্ন জায়গায় অসামরিক প্রতিরক্ষা মন্ত্রকের আজকের মক ড্রিলের প্রেক্ষিতে এটিকে যুদ্ধের প্রস্তুতি ভেবে সাধারণ মানুষের উদ্বেগের কোন কারণ নেই বলে দমকল, অসামরিক প্রতিরক্ষা ও হোমগার্ডের মহা নির্দেশক বিবেক শ্রীবাস্তব মন্তব্য করেছেন।

আকাশবাণীকে এক একান্ত সাক্ষাৎকারে বিবেক শ্রীবাস্তব গতকাল বলেন, বহিরাগত কোনো বিপদের মোকাবিলায় সাধারণ মানুষকে প্রস্তুত করে তোলাই এই মহড়ার

লক্ষ্য। সাধারণ মানুষকে এই মহড়ায় অংশগ্রহণকারীদের সঙ্গে সহযোগিতা করার আর্জি জানান ডিজি বলেন, প্রতিরক্ষা ক্ষেত্রে নিজেদের ত্রুটি পর্যালোচনা করতে আগামী দিনে নিয়মিত এই ধরনের মহড়ার কথা ভাবা হচ্ছে।

(বাইট – শ্রীবাস্তব ৭-৩৫ )

**************************

পশ্চিমবঙ্গে ওয়াকফ আইন নিয়ে আর কোন আন্দোলন নয় বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী স্পষ্ট জানিয়েছেন। তিনি গতকাল মুর্শিদাবাদে সুতির ছাবঘাটি কেডি বিদ্যালয়ের মাঠে সভামঞ্চ থেকে বলেন, যাদের আন্দোলন করা দরকার তারা দিল্লিতে কেন্দ্রের কাছে যান। তৃণমূল কংগ্রেস, NRC নিয়ে আন্দোলন করেছে, ওয়াকফ নিয়েও তারাই লড়বে বলে জানিয়ে দেন তিনি। রাজ্যের মানুষকে বিজেপি সহ কোন রাজনৈতিক দল বা মৌলবাদীদের কথা শুনে প্ররোচিত না হওয়ারও আবেদন জানিয়েছেন মুখ্যমন্ত্রী।

( বাইট- মুখ্যমন্ত্রী )

এদিকে, বিজেপি তাদের বিরুদ্ধে দাঙ্গায় প্ররোচনায় দেওয়ার অভিযোগ খারিজ করে দিয়েছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী গতকাল রাজ্য মানবাধিকার কমিশনের সামনে এক ধর্না অবস্থানে বলেন, তাঁদের দল কোনভাবেই দাঙ্গা-হিংসায় জড়িত নয় বা ছিলও না।

( বাইট- শুভেন্দু )

মুর্শিদাবাদে স্থায়ীভাবে কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের দাবি জানিয়েছেন বিরোধী দলনেতা। তিনি বলেন, BSF না থাকলে মুর্শিদাবাদে পুলিশকেও হত্যা করা হত।

কংগ্রেস'ও ওয়াকফ আন্দলোন নিয়ে মুখ্যমন্ত্রীর মন্তব্যের সমালোচনা করেছেন। প্রদেশ কংগ্রেস'ও মুখপাত্র সৌম্য আইচ রায়, এরাজ্যে শুধুমাত্র তৃণমূল কংগ্রেস আন্দোলন করবে কেন, সেই প্রশ্ন তোলেন।

মুর্শিদাবাদের ছাবঘাটি সভামঞ্চ থেকে মুখ্যমন্ত্রী গতকাল নদীয়ার তেহট্টের শহীদ জওয়ান ঝন্টু আলি-র স্ত্রীকে হোমগার্ডের চাকরির নিয়োগপত্র দেন। সেই সঙ্গে

ওয়াকফ আইন নিয়ে হিংসায় নিহত সুতির ইজাজ আহমেদের স্ত্রীকেও স্থানীয়স্তরে চাকরিতে নিয়োগের নির্দেশ দেন তিনি।

এদিকে, প্রবীণ কংগ্রেস নেতা **অধীর** রঞ্জন চৌধুরী, সভামঞ্চ থেকে মুখ্যমন্ত্রীর শহীদ পরিবারকে আর্থিক সহায়তা দেওয়ার সমালোচনা করেছেন। তিনি বলেন, নদীয়ার ঝন্টু আলি শেখের বাড়িতে রাজ্যের তরফে কেউ যাননি বা কাউকে পাঠানোও হয়নি। রাজনৈতিক মঞ্চে এভাবে আর্থিক সহায়তা দেওয়াকে শহীদের অপমান বলে দাবি করেন তিনি।

( বাইট- অধীর )

***********************

এ বছরের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল আজ প্রকাশিত হবে। দুপুর দুটো থেকে পরীক্ষার্থীরা অনলাইনে ফলাফল জানতে পারবেন।

আগামীকাল (৮ ই মে) সকাল ১০ টা থেকে সংসদের চারটি জোনের ৫৫ টি ডিস্ট্রিবিউশন কেন্দ্র থেকে মার্কশিট ও শংসাপত্র স্কুলগুলিকে দেওয়া হবে।

যেসব ওয়েবসাইটে ফলাফল জানা যাবে সেগুলি হল - result.wb.gov.in

https://results.digilocker.gov.in

উল্লেখ্য, এবার পরীক্ষা শেষের ৫০ দিনের মাথায় ফলপ্রকাশ করা হচ্ছে।

***********************

২৬ হাজার চাকরি বাতিলের মামলায় কলকাতা হাইকোর্ট, আদালত অবমাননার অভিযোগ শুনতে পারে কিনা, আজ সেই সংক্রান্ত রায় দেবে আদালত। হাইকোর্ট আদৌ এই অভিযোগ শুনতে পারে কিনা তা নিয়েই প্রশ্ন উঠেছিল। সব পক্ষের বক্তব্য শুনে দুই বিচারপতি দেবাংশু বসাক ও মহ:শব্বার রাশিদির ডিভিশন বেঞ্চ, রায়দান স্থগিত রাখেন। আজ সেই মামলারই রায় ঘোষণা করবে উচ্চ আদালত।

***********************

যোগ্য শিক্ষক ও শিক্ষাকর্মীদের চাকরি সুনিশ্চিত করা এবং অযোগ্যদের চাকরি বাতিলের দাবিতে আজ বিকাশ ভবন অভিযানের ডাক দিয়েছেন চাকরিহারা শিক্ষকরা।

এছাড়া চাকরিহারা শিক্ষকদের আরেকটি সংগঠনের পক্ষ থেকেও আজ থেকে বিকাশ ভবনের সামনে অনির্দিষ্টকালের জন্য অবস্থান বিক্ষোভের ডাক দেওয়া হয়েছে।

উল্লেখ্য, এই শিক্ষকদের নাম SSC প্রকাশিত তালিকায় আছে। যদিও স্থায়ীভাবে চাকরিতে পুনর্বহালের দাবিতে আন্দোলনে নামার ঘোষণা করেছেন তাঁরা।

**********************

ইডেনে IPL ক্রিকেটের গুরুত্বপূর্ণ ম্যাচে কলকাতা নাইট রাইডার্স আজ চেন্নাই সুপার কিংসের মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

একটি প্রতিবেদন- ( ভিসি- অরিজিত দত্ত )

****************************************************************